Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চাজ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই ফাল্গুন বুধবার ১৩৬৫ ইংরাজী 25th Feb. 1959 { ৪০শ সংখ্যা

৬ই ফাল্গুন ১৮৮০ শকাব্দ




সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাস্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই ফাল্গুন বুধবার সন ১৩৬৫ সাল।

# পশ্চিম বাঙলা বিধানমণ্ডলী

—০—

ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরু একদিন আত্ম-পরিচয় দিবার ব্যপদেশে জোর গলায় বলিয়াছিলেন— (১) আমি শিক্ষায় ব্রিটেন-বাসী। (I am Britisher by education) (২) আমি সংস্কৃতিতে মুসলমান (I am Mahomedan by culture) (৩) জন্মের দুর্ঘটনায় আমি হিন্দু (I am Hindu by accident of birth).

তিনি যাহা বলিয়াছিলেন তাহা অক্ষরে অক্ষরে মিলিয়ে তবে ছাড়বেন মনে হয়। ভারত স্বাধীনতা লাভ করার দিন হইতেই ইংরেজ শাসক লর্ড মাউন্ট ব্যাটেনকেই শাসক পদে রাখিয়া তিনি মন্ত্রিত্ব গ্রহণ করেন। তারপর এক এক করিয়া মিলিয়ে দেখুন—হানাদাররা কাশ্মীর আক্রমণ করে। সে হানাদাররা যে কাহারা তা অজানা ছিল না। পণ্ডিত জহর-লাল কাহার কথায় ভারতীয় সৈন্যগণ কর্ত্তৃক বিতাড়িতপ্রায় হানাদারদের না তাড়াইবার ব্যবস্থা করিয়া তাদের কাশ্মীরে থাকিতে দিয়া রাষ্ট্রসংঘে মামলা দাখিল করিয়া হানাদার (শেষে-পাকিস্থানী) দের সহিত বাদী বিবাদী সম্বন্ধ পাতাইয়া ভারতের কত টাকা জলে দিয়াছেন—এখনও মামলা ঝুলিতেছে।

তারপর যে টাকা ইংরাজের নিকট হইতে পাওয়া গিয়াছিল তাহা সমস্ত খরচ করিয়া এখন ধার করিরা দুর্নীত অসাধুদের পেট ভরাইতে হইতেছে। প্রায় বার বৎসর অতীত হইতে চলিল—ভারতের সীমানা ঠিক হইল না। পাকিস্থানীরা গুলী চালা আজও বন্ধ করিল না। নুন-জহর চুক্তির পরও টুকেরগ্রাম দখল করিয়া আছে। সেটি বুঝি চুক্তির ফাউ।

পশ্চিম বঙ্গ বিধানমণ্ডলী বেরুবাড়ী সম্বন্ধে সকলে একবাক্যে নেহেরুর খেয়ালতন্ত্র নামঞ্জুর করিয়াছে। এখনও পার্লামেন্টে ফন্দী ফান্দা করিয়া প্রধান মন্ত্রীর কৃত খেয়ালতন্ত্রের নিকট সাধারণ-তন্ত্রকে হীন করিবার প্রচেষ্টা বন্ধ হইল না।

দুর্ভাগ্য পশ্চিম বঙ্গ মার্জ্জারের আঁচড় ও দংশন হইতে বাঁচিয়া গিয়া এবার যে কংগ্রেসী অকংগ্রেসী সব দলের সমবেত করুণা পাইয়াছে তাহা ভাগ্যে টিকিলে হয়। পশ্চিম বঙ্গের ভাগ্যবিধাতা টাটকা তেজ দেখাইয়া নাগপুরে না গেলেও উড়োজাহাজে যেতে আসতে কতক্ষণ। এখন বিধানমণ্ডলীর একবাক্য থাকিলে হয়। পণ্ডিতেরা বলিয়াছেন—

উদয়তি যদি ভানুঃ
পশ্চিমে দিগ্বিভাগে
প্রচলতি যদি মেরুঃ
শীততাং যাতি বহ্নি
বিকশতি যদি পদ্মঃ
পর্ব্বতানাং শিখাগ্রে
ন টলতি খলু বাক্যং
সজ্জনানাং কদাচিৎ॥

অর্থ—যদি পশ্চিম দিকে সূর্য্যোদয় হয়, অচল মেরুও যদি চলে, অগ্নিতে শীতলতা সম্ভব হয়, পর্ব্বতশৃঙ্গে যদি পদ্মফুল ফুটে, তবুও সজ্জনগণের বাক্য টলে না। তবে ভয় এই যে যত বড়ই লোক হউন না কেন—পরস্পর পরস্পরের কুকাজ সমর্থন এবং দুষ্কর্মের প্রশংসা করা যাদের প্রচলিত প্রথা তাদের প্রেম ভাঙিতেও দেরী হয় না আবার জোড়া লাগতেও বিলম্ব হয় না। রাধাকৃষ্ণ লীলার শ্যাম বিরহ রাধার যেমন অসহ্য শ্যামেরও তদ্রূপ। কৃষ্ণের রূপ দেখব না বলে শ্রীমতীর মান হলেও নিজের অঙ্গ প্রত্যঙ্গের মধ্যে দ্বিমত হ'য়ে থাকে। শ্রীমতীর অর্দ্ধ অঙ্গ কৃষ্ণের পক্ষে এবং অর্দ্ধ অঙ্গ বিপক্ষে এই সম্বন্ধে একখানি গান পাঠকগণকে শুনাইয়া এই দিনের কাজ শেষ করিলাম।

মরি মরি কি অদ্ভুত
প্রেম-চরিত্র হয় না অনুমান—
হদ্দ হলাম দেখে রাধার
অর্দ্ধ অঙ্গ মান।
মস্তক বলিছে ধেয়ে যাব শ্যামের পায়—
ললাট কয় ললাটের লিখন
কিসের এত দায়!
এক চক্ষু বলে করিব কৃষ্ণ দরশন
অপর চক্ষু বলে—রাধে ঢেকে দাও বদন।
এক কর্ণ বলে শুনিব কৃষ্ণ কৃষ্ণ বুলি
আর এক কর্ণ কর্ণমূলে তুলে দেয় অঙ্গুলি।
এক নাসা বলে—ল'ব কৃষ্ণ-অঙ্গ-গন্ধ।
অপর নাসা কয় কুভাষা—বন্ধ কর রন্ধ্র।
রসনা বলিছে—কৃষ্ণে রসামৃত পাই—
দশন বলিছে আমার রস নাই রস নাই।
বক্ষ বলে সখ্যভাবে শ্যামকে ল'ব হৃদে
হৃদয় বলিছে—আমার অঙ্গে শেল বিঁধে।
এক হস্ত বলে—করিব কৃষ্ণ আরাধনা—
অপর হস্ত বলে ছি ছি ছুঁয়ো না ছুঁয়ো না।
কটি বলে—কটিতে ল'ব পীত-ধটিধারী—
নিতম্ব বলিছে—ও ভার সহিতে না পারি!
উরু বলে—গুরুভাবে ল'ব আমি হরি।
জঙ্ঘা বলে ভাঙ্গা পীরিত জোড়াতে না পারি।
এক পদ বলে—ধেয়ে যাব শ্যামের কাছে—
অপর পদ বলে—আমার কণ্টক ফুটেছে।

---

**আমাদের নিবেদন**—গত ৬ই ফাল্গুন তারিখের জঙ্গিপুর সংবাদ ছাপা হয় নাই। আমাদের প্রাপ্য পূজার অবকাশ হইতে উহা বাদ যাইবে।

---

## *জঙ্গিপুর মহকুমায় বাণী অর্চ্চনা*

জঙ্গিপুর মহকুমার শহর ও পল্লীগ্রামের বহু বাড়ীতে ও সাধারণ প্রতিষ্ঠানে বাণী দেবীর অর্চ্চনা হইয়া গিয়াছে। পূজা অপেক্ষা বিসর্জ্জনের আড়ম্বরই বেশী। প্রতিমা-নিরঞ্জন এখনও শেষ হয় নি। ক্রমশঃ হইতেছে।

---

রঘুনাথগঞ্জ তুলসী বিহার বাড়ীতে 'যুব-সংঘ' ব্যায়াম মন্দিরের সভ্যবৃন্দের উদ্যোগে স্থানীয় উদীয়মান চিকিৎসক শ্রীমান্ গৌরীপতি চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে নানাবিধ ব্যায়াম, লাঠিখেলা ও ছোরাখেলা অনুষ্ঠিত হয়। বহরমপুর

হিন্দুস্থান ব্যায়াম-সমিতির কৃতী সভ্যবৃন্দ বহুবিধ ব্যায়াম ও শরীর চর্চা প্রদর্শন করেন। ২রা ফাল্গুন 'ভাড়াটে চাই' নাটিকা অভিনীত হয়। অভিনেতাগণ সকলেই নূতন। অভিনয় সুন্দর হইয়াছিল।

## বালিকার মর্ম্মান্তিক মৃত্যু

বিগত ১লা ফাল্গুন শুক্রবার রঘুনাথগঞ্জের চাউল-ব্যবসায়ী শ্রীমান্ কালুচাঁদ সিংহের দশম বর্ষীয়া কন্যা শ্রীমতী ধীরা গো-গাড়ী চাপা পড়ে এবং রাত্রি বার ঘটিকার সময় জঙ্গিপুর হাসপাতালে মারা যায়। বালিকার অকাল মৃত্যুতে প্রতিবেশীরা প্রত্যেকেই দুঃখিত। আমরা তাহার স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## উৎসব না উৎপাত

'সরস্বতী পূজা' কথাটি আনন্দদায়ক কি না বর্ত্তমানে গবেষণার বিষয় হইয়া দাঁড়াইয়াছে। অর্থনৈতিক দুর্দ্দশাগ্রস্ত নিত্য নূতন চাঁদা প্রপীড়িত মধ্যবিত্ত বাঙ্গালী জীবন সরস্বতী পূজার নামে এখন ভয় পাইতেছেন! বাড়ীর প্রতিটী পুত্র কন্যা নিজ নিজ বিদ্যালয়ে চাঁদা দিয়াছে, পাড়ার পূজা মণ্ডপে চাঁদা দিতে হইয়াছে, পুত্রকন্যাদের ক্লাবের পূজায় চাঁদা দিতে হইয়াছে। পরিচিত ছাত্র অথবা বন্ধু পুত্রগণের আবদার রাখিতে চাঁদা দিতে হইয়াছে। তাহার উপর আবার রাস্তায় ঘাটে গেরিলা বাহিনীর আক্রমণও সামলাইতে হইয়াছে। এত করিয়াও পড়াশুনা হইতেছে না। পড়াশুনায় ফাঁকি দিয়া বিদ্যাদেবীকে কি ঘুষ দিয়া সন্তুষ্ট করা যায়? আর আসল পূজার রূপ কি প্রতিমা, মাইক আর ডেকোরেশনের প্রতিযোগিতায় সীমাবদ্ধ?

যখন গ্রাসাচ্ছাদনের যোগাড় করতে গৃহস্বামী গলদঘর্ম্ম হইতেছেন, তখন পূজার বাড়াবাড়ি করিয়া অপব্যয় করা পাপ! "নামকো ওয়াস্তে" সমিতি গঠন করিয়া অন্যায়ভাবে খরচ করিতে দেওয়াও উচিত নহে। বহু বিদ্যায়তন আছে যাহাদের আর্থিক সঙ্গতির অভাবে জ্ঞান বিস্তারের পরিকল্পনা সাফল্য মণ্ডিত হইতে পারিতেছে না; কত পাঠাগার আছে যেখানে অর্থাভাবে পুস্তক আমদানী হইতেছে না; অথচ এইগুলিই জ্ঞানদায়িনী দেবীর পীঠস্থান। কয়টি সমিতি, কয়টি প্রতিষ্ঠান, কয়টি ছাত্রদল তাহাদের সংগৃহীত চাঁদার ক্ষুদ্রতম অংশও এই মহৎ জ্ঞানযজ্ঞে দান করিতে অগ্রসর হইয়াছে?

## দরিদ্র নারায়ণ সেবা

বাণী পূজা উপলক্ষে রঘুনাথগঞ্জ যুবক সংঘের সভ্যবৃন্দ গত ৭ই ফাল্গুন বৃহস্পতিবার প্রায় তিন হাজার দরিদ্রজনগণকে খিচুড়ী, তরকারী, চাটনী, পরমান্ন ও বঁদে পরিবেশন করিয়া ভোজন করাইয়াছেন। প্রত্যেকে পরিতৃপ্ত সহকারে আহার করিয়াছে। জাঁকজমক বাদ দিয়া এই প্রকারের কাজ খুব প্রশংসনীয়। আমরা অন্যান্য পূজা সমিতির কর্ম্মকর্ত্তাদের দৃষ্টি আকর্ষণ করিতেছি।


## টেণ্ডার নোটীশ

পশ্চিমবঙ্গ সরকারের রাজ্যপালের পক্ষ হইতে মুর্শিদাবাদ জিলার অন্তর্গত বহরমপুর সদর মহকুমার খাদ্য ও সরবরাহ নিয়ামক কর্তৃক ১/৪/৫৯ তারিখ হইতে ৩১/৩/৬০ তারিখ পর্য্যন্ত (১) ১০টী স্থানে ষ্টোরিং ও ক্লিয়ারিং এজেণ্ট (২) ৩১টী স্থানে ট্রান্সপোর্ট ও হ্যাণ্ডলিং এজেণ্ট এবং (৩) ৪টী স্থানে হ্যাণ্ডলিং এজেণ্ট নিয়োগের জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। সৎ, বিশ্বাসী ও আর্থিক সঙ্গতি-সম্পন্ন প্রকৃত ব্যবসায়ীগণ টেণ্ডার দাখিল করিতে পারেন। টেণ্ডার সমূহ আগামী ৭/৩/৫৯ তারিখে বেলা ১২ টার মধ্যে বহরমপুর সদর মহকুমা নিয়ামকের নিকট অবশ্যই পৌছান চাই। ট্রান্সপোর্ট ও হ্যাণ্ডলিং এজেণ্টের জন্য টেণ্ডার সমূহ ৯/৩/৫৯ তারিখে বেলা ৩ ঘটিকার সময় এবং ষ্টোরিং ও ক্লিয়ারিং এজেণ্টের জন্য টেণ্ডার সমূহ ও হ্যাণ্ডলিং এজেণ্টের জন্য টেণ্ডার সমূহ ৯/৩/৫৯ তারিখে বেলা ২ টার সময়ে মুর্শিদাবাদ জেলা শাসক অথবা তাঁহার নিযুক্ত ভারপ্রাপ্ত কর্মচারীর সম্মুখে খোলা হইবে। টেণ্ডার খোলার সময় টেণ্ডার দাখিল-কারীগণ উপস্থিত থাকিতে পারিবেন। প্রতি টেণ্ডার শীলকরা খামে দিতে হইবে। খামের উপর এইরূপ শিরোনামা লেখা থাকিবে "Tenders for storing and clearing Agent"/etc. Tenders for handling and transport Agent"/"Tender for handling Agency"/ অর্থাৎ যে কার্য্যের জন্য টেণ্ডার দেওয়া হইবে তাহার নাম খামের শিরোনামা লিখিতে হইবে। (১) ট্রান্সপোর্ট ও হ্যাণ্ডলিং এজেণ্ট নিয়োগের জন্য বায়নার টাকা (earnest money) বাবদ ২০০৲ টাকা (২) ষ্টোরিং ও ক্লিয়ারিং এজেণ্ট নিয়োগের জন্য বায়নার টাকা বাবদ ৩০০ টাকা এবং (৩) হ্যাণ্ডলিং এজেণ্ট নিয়োগের জন্য বায়নার টাকা বাবদ ১০০ টাঃ বহরমপুর সদর খাজাঞ্চিখানায় সদর মহকুমার খাদ্য ও সরবরাহ নিয়ামক বরাবরে রেভিনিউ ডিপোজিটে জমা দিয়া তাহার চালান এবং সেলট্যাক্স ও ইনকাম ট্যাক্স'র সর্বশেষ (latest) ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রতি টেণ্ডারের সহিত গাঁথিয়া দিতে হইবে। টেণ্ডার দাখিল করা সম্বন্ধে যাবতীয় তথ্যাদি বহরমপুর সদর মহকুমা নিয়ামকের অফিস হইতে অফিসের যে কোন কার্যের দিন বেলা ১০ ঘটিকা হইতে ৫ ঘটিকার (শনিবার বেলা ১০ ঘটিকা হইতে ১॥ ঘটিকা) মধ্যে জানিতে পারা যাইবে এবং বিস্তৃত টেণ্ডার নোটীশ যাহা মহকুমা নিয়ামকের ৪৮২ (৪০), ৪৮৩ (৫৮)/ এবং ৪৮৪ (৬২) এফ্-এণ্ড-এস তাং ২৮/১/৫৯ মেমোতো বিজ্ঞাপিত হইয়াছে তাহা দেখিতে ও তাহার নকল সংগ্রহ করিতে পারা যাইবে।

## কেরাণী চাই

রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ের জন্য স্কুলের হিসাব সম্বন্ধে অভিজ্ঞ ন্যূনপক্ষে ম্যাট্রিকুলেশন পরীক্ষোত্তীর্ণ (আই কম হইলে ভাল হয়) বয়স্ক করণিক চাই। আগামী ৬ই মার্চ্চ ১৯৫৯ মধ্যে সম্পাদকের নিকট আবেদন করুন। বেতন ও মহার্ঘ ভাতা মধ্যশিক্ষা পর্ষতের নির্দ্দেশানুসারে।

সম্পাদক, রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়।







বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্ক্‌স

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ম" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্‌, সাইকেলের পার্টস্‌ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

১৩ই ফাল্গুন, ১৩৬৫, ইং ২৫শে ফেব্রুয়ারী, ১৯৫৯

## শ্রীত্রিদিব চৌধুরী

লোকসভা-সদস্য শ্রীত্রিদিব চৌধুরী বিগত ২৫শে জানুয়ারী কান্দী সহরে এক জিপ দুর্ঘটনায় আহত হন। তিনি বহরমপুর হাসপাতালে আছেন। তাঁহার কপালের ক্ষত শুকাইয়াছে কিন্তু পায়ের ব্যথা এখনও সারে নাই। দেশবাসী তাঁহার আরোগ্য কামনা করিতেছে।

## নিলামের হস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ৯ই মার্চ্চ ১৯৫৯*

১৯৫৮ সালের ডিক্রীজারী

২২০ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং সামেদালি বিশ্বাস দিং দাবি ১৬ টাকা ৫৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৭৮ শতকের কাত ৩।৴১০ আঃ ১০৲ থং ৬৪

২২৬ থাং ডিঃ ঐ দেং ভিনকু মণ্ডল দিং দাবি ৪৩ টাকা ২৪ নঃ পঃ মৌজাদি ঐ ৭৫৩ শতকের কাত ২৪।৶০ আঃ ১৫৲ থং ১৪৫

২২৩ থাং ডিঃ ঐ দেং সোহাগি বিবি দাবি ২৮ টাকা ৮২ নঃ পঃ থানা ঐ মৌজে নশিপুর ৬৮২ শতকের কাত ১৪॥৶২ আঃ ১০৲ থং ৫৬

২১৯ থাং ডিঃ ঐ দেং অরবিন্দনাথ রায় দাবি ৩৬ টাকা ৮৮ নঃ পঃ মৌজাদি ঐ ৪-৭১ শতকের কাত ১২।৪ পাই আঃ ২৫৲ থং ২৩৬

২২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৯ টাকা ৬ নঃ পঃ থানা ঐ মৌজে চক কুতুবপুর ৩-৬৫ শতকের কাত ৬৸৵৬ আঃ ৫৲ থং ৬২

১৩৮ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং মহীপাল বাহাদুর সিংহ দাবি ৪৭৫ টাকা ৯২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর এনায়েতনগর ৭৫-৯৩ শতকের কাত ৩৫৭৵০ আঃ ৫০৲ স্থিতিবান স্বত্ব

১৭৩ থাং ডিঃ ভোলানাথ সাহা দেং রাধাবল্লভ নাথ দিং দাবি ১৪ টাকা ৩৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ব্যাসবাগিচা ৬ শতকের কাত ১৩।৶০ আঃ ৫৲ থং ৪১১ স্বত্ব দখলকার বসত প্রজা চিরস্থায়ী

১৭৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০ টাকা ৭৫ নঃ পঃ মৌজাদি ঐ ২ শতকের কাত ২৵০ আঃ ৩৲ থং ৪১২ স্বত্ব দখলকার

১৭৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৫৯ নঃ পঃ মৌজাদি ঐ ৪ শতকের কাত ৮৲ আঃ ৫৲ থং ৪১৩ স্বত্ব দখলকার বসত প্রজা চিরস্থায়ী।

২১৮ থাং ডিঃ মনোহরদাস মহান্ত দেং শ্যামাপদ রায় মৃতান্তে ওয়ারীশ অরবিন্দ রায় দিং দাবি ৩৩- থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ২-৩২ শতকের কাত ৪৵৬ আঃ ১০৲ থং ২৭০

২১৬ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং আনন্দলাল সাহা দিং দাবি ৬৮ টাকা ৮০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১-৭১ শতকের কাত ৯৸৶৩ আঃ ৬০৲ থং ২১৫

১২৯ থাং ডিঃ ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৫১ টাকা ৩৮ নঃ পঃ থানা স্থতি মৌজে গাম্ভিরা ১০-২ শতকের কাত ১১৸৪ আঃ ২৫৲ থং ২১১

১৩০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৫ টাকা ৪১ নঃ পঃ মৌজাদি ঐ ১২-৮৪ শতকের কাত ১৬৸/৭ আঃ ৪০৲ থং ২৯৯

১৩১ থাং ডিঃ ঐ দেং আশুতোষ সাহা দিং দাবি ২৮ টাকা ৪১ নঃ পঃ থানা ঐ মৌজে রাতুরী ৫৯ শতকের কাত ৪।৶০ আঃ ১২৲ থং ৩৪৭

২৫৩ থাং ডিঃ জয়ন্তীবালা দেবী দেং দামোদর দাস দিং দাবি ২৩ টাকা ৭৭ নঃ পঃ থানা স্থতি মৌজে মহেশাইল ১৯ শতকের কাত ৩৲ আঃ ১৩৲ থং ১৭০

২৫০ থাং ডিঃ অরুণবিকাশ চৌধুরী দিং দেং গোপেশচন্দ্র দাস দিং দাবি ২০ টাকা ৪৯ নঃ পঃ থানা স্থতি মৌজে মহেশাইল ৩৪ শতকের কাত ২৶৬ আঃ ১৫৲ থং ১২৯

২৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬ টাকা ৯ নঃ পঃ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ১/৯ আঃ ১২৲ থং ৫৩৮

১৯৫ থাং ডিঃ যামিনীমোহন সরকার দিং দেং শ্রীপতিলাল দাস দিং দাবি ১৩ টাকা ৬১ নঃ পঃ

[ পরপৃষ্ঠা দেখুন।

জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র

১৩ই ফাল্গুন, ১৩৬৫, ইং ২৫শে ফেব্রুয়ারী, ১৯৫৯

থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ১৬ শতকের কাত ৬।৹ আঃ ১৫৲ খং ১০৩৫ স্বত্ব রায়ত স্থিতিবান

২০৭ খাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং এসাহাক মণ্ডল দাবি ৪০ টাকা ২৭ নঃ পঃ থানা স্থতী মৌজে নুরপুর ১-৬১ শতকের কাত ৪৸৵০ আঃ ২৫৲ খং ৫১৬ স্বত্ব রায়ত স্থিতিবান

১৫৩ খাং ডিঃ সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং বিষ্ণুচরণ রায় দাবি ২৩ টাকা ৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ১-৬৬ শতকের কাত ১৸১১ আঃ ১০৲ খং ৫১৫ অধীনস্থ খং ৫১৬ হইতে ৫১৮ রায়ত স্থিতিবান স্বত্ব

২০৪ খাং ডিঃ ঐ দেং শ্রীকান্তলাল দাস দিং দাবি ২৭ টাকা ২২ নঃ পঃ মৌজাদি ঐ ২-৯৯ শতকের কাত ৭৷৵৪ আঃ ১০৲ খং ৮৩, ৩৪২ রায়ত স্থিতিবান স্বত্ব

২০৫ খাং ডিঃ ঐ দেং গোলাপসুন্দরী দাসী দাবি ২৪ টাকা ৫০ নঃ পঃ মৌজাদি ঐ ২-৯৮ শতকের কাত ৬৷৶১১ আঃ ১০৲ খং ৯৯, ১০৪ রায়ত স্থিতিবান স্বত্ব

২০৬ খাং ডিঃ ঐ দেং কান্তলাল দাস দিং দাবি ৩১৲ মৌজাদি ঐ ৪-৮৫ শতকের কাত ১৯৷৵০ আঃ ১০৲ খং ৬২, ৬৩ রায়ত স্থিতিবান স্বত্ব

২১ মনি ডিঃ আইওব আলী মণ্ডল দেং ইমানী দেওয়ান দাবি ৪৭৬ টাকা ২২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে জিনদীঘি ১১-৪২, ৬৭, ১৩২, ৫৮, ২৪১ শতকের কাত ২৬৷৵৬, ১৲, ৩৲, ১৸০, ১০৲ আঃ ২০০৲, ২৫৲, ৭৫৲, ২৫৲, ১০০৲ খং ২১৩, ২১০, ২০৯, ২০৬, ২০৭

৩৭ মনি ডিঃ আবুল কাসেম দেং হামিদ সেখ দাবি ১৭ টাকা ৩৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রমাকান্তপুর ১৮ শতক মধ্যে দেন্দাদের ৮০ অংশ মায় উপরিস্থিত বাঁশ ৮ থোপ গুন্তি আন্দাজ ৪৫টী আঃ ৫৲ খং ৩৪ রায়ত স্থিতিবান স্বত্ব

---

## *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৬ই মার্চ্চ ১৯৫৯*

১৯৫৮ সালের ডিক্রীজারী

২ খাং ডিঃ পশ্চিম বঙ্গ সরকার দেং দেবেন্দ্রনাথ মণ্ডল দিং দাবি ৫৮ টাকা ৯২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে রামনগর ২-৩২ শতকের কাত ৮৵২ আঃ ৫০৲ খং ১৮৬

৮৪ খাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং নিশাপতি রায় দিং দাবি ২৭ টাকা ৪৮ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে বেলসণ্ডা ১৬৪ শতকের কাত ৪৲ আঃ ২৫৲ খং ১১

৭৮ খাং ডিঃ অজিতকুমার চৌধুরী দিং দেং হেফাজত সেখ দাবি ১৬ টাকা ২৭ নঃ পঃ থানা ফরক্কা মৌজে সাহানগর মধ্যে ১০৫ শতক মধ্যে ১৭ শতকের কাত ৶৬ আঃ ৫৲ খং ৫৩ স্বত্ব রায়ত স্থিতিবান

৬৬ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দেং পীতাম্বর দাস দিং দাবি ৬১ টাকা ৮৬ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে জালাদীপুর ৩-৩৮ শতকের কাত ১৫৷৵০ আঃ ৩০৲ খং ৫০ রায়ত স্থিতিবান স্বত্ব

১২ মনি ডিঃ কালীসাধন চট্টোপাধ্যায় দেং সিংহেশ্বর দাস দাবি ২৭১ টাকা ৩৪ নঃ পঃ থানা সাগরদিঘী মৌজে তেলাঙ্গল ২-৩১ শতকের কাত ১৩৷৹ আঃ ২৫০৲ খং ২০৪

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।